

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সেবা পরিদপ্তর

১৪/১৫ মতিঝিল বানিজ্যিক এলাকা

ইস্পাহানী ভবন

ঢাকা-১০০০.

স্মারক সংখ্যা: ডিএনএস/শা-৩/৪টি-১৮/ভর্তি-২০১৪-১৫/৮২৬৭

তারিখ: ২৭/০৫/১৪২১ বঙ্গাব্দ
২২/০২/২০১৪ খ্রিঃ

ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে সেবা পরিদপ্তরের আওতাধীন নিম্নবর্ণিত ০৭ (সাত)টি সরকারী নার্সিং কলেজে ০৪(চার) বছর মেয়াদী ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং কোর্সের ১ম বর্ষে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য আবেদন আহবান করা যাইতেছে :

College Code	Name of Nursing College	Name of Course	Number of Seat
32.	Dhaka Nursing College	Bachelor Science in Nursing	100
33..	Rajshahi Nursing College,	Bachelor Science in Nursing	100
34.	Chittagong Nursing College	Bachelor Science in Nursing	100
35.	Mymensingh Nursing College	Bachelor Science in Nursing	100
36.	Rangpur Nursing College	Bachelor Science in Nursing	100
37.	Sylhet Nursing College	Bachelor Science in Nursing	100
38.	Barisal Nursing College	Bachelor Science in Nursing	100

১। আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হইতে হইবে।

২। যাহারা বিজ্ঞান বিভাগে জীববিদ্যায় পাসসহ এইচএসসি বা সমমানের পরীক্ষায় ২০১২, ২০১৩ ও ২০১৪ পাস করিয়াছেন, তাহারা ই কেবলমাত্র আবেদন করিতে পারিবেন।

৩। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা : এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর যোগফল ন্যূনতম ৬.০০ থাকিতে হইবে। কোন অবস্থাতেই এসএসসি এবং এইচএসসি বা সমমানের পরীক্ষায় GPA (Grade Point Average) ২.৫০ এর নিচে গ্রহণযোগ্য হইবে না।

৪। প্রার্থীকে অবিবাহিত ও সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে।

৫। ভর্তি পরীক্ষা ছাড়া এসএসসি এবং এইচএসসি বা সমমানের পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রার্থী নির্বাচন/ফলাফল তৈরী করা হইবে এবং নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচনা করা হইবে :

ক) Total GPA(SSC+HSC) with additional খ) Total GPA(SSC+HSC) without additional গ) HSC GPA with additional ঘ) SSC GPA with additional ঙ) English (HSC) চ) Biology (HSC) ছ) Physics (HSC) জ) Chemistry (HSC) ঝ) HSC passing Year ঞ) Age

৬। মুক্তিযোদ্ধা কোটার (সন্তান, সন্তানদের সন্তান) ১৪ (চৌদ্দটি) টি আসন সংরক্ষিত থাকিবে। এই সমস্ত প্রার্থীদের অন্যান্যদের ন্যায় ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন হইতে হইবে। এই সংরক্ষিত আসনগুলিতেও সম্পূর্ণ মেধার ভিত্তিতে ভর্তির সুযোগ দেওয়া হইবে।

৭। প্রথমে ১৪ টি আসন মুক্তিযোদ্ধা কোটার জন্য সংরক্ষিত থাকিবে। অবশিষ্ট আসনের ৬০% জাতীয় মেধা কোটায় এবং ৪০% জেলা কোটার ভিত্তিতে নির্বাচন করা হইবে। উল্লেখিত ০৭ (সাত) টি নার্সিং কলেজের মোট আসন সংখ্যার অনধিক ১০% আসন পুরুষ প্রার্থী কর্তৃক পূরণ করা হইবে। যুক্তিযুক্ত সংখ্যক মেধা ভিত্তিক অপেক্ষমান তালিকা প্রকাশ করা হইবে এবং শূন্য আসনে মেধা ভিত্তিক ভর্তি করা হইবে।

৭। নির্বাচিত প্রার্থীর প্রাপ্ত মোট জিপিএ-এর ভিত্তিতে অর্জিত মেধাস্থান ও প্রার্থীর দেওয়া কলেজ পছন্দের ভিত্তিতে প্রার্থী কোন কলেজে ভর্তি হইবার সুযোগ পাইবে তাহা নির্ধারণ করা হইবে।

৮। বর্ণিত কোর্সে ভর্তির জন্য আবেদনের নিয়মাবলী: বর্ণিত কোর্সে আবেদনের জন্য টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে DNS (space) H (space) HSC শিক্ষাবোর্ডের নামের প্রথম তিন অক্ষর (space) HSC পরীক্ষার রোল নম্বর (space) HSC পাশের সন (space) SSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিন অক্ষর (space) SSC পরীক্ষার রোল (space) SSC পাসের সন (Space) বর্ণিত কোর্সে ভর্তির জন্য পছন্দক্রম অনুসারে ০৭টি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনে উল্লেখিত কোড



